



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৫  
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১২৯.১৮.০২৩.১৬-৫২৫

তারিখঃ ২১ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ  
০৫ আগস্ট ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৬তম শাহাদতবার্ষিকীতে অধস্তন আদালতসমূহে 'জাতীয় শোক দিবস ২০২১' পালন সংক্রান্ত।

- সূত্রঃ (১) আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে 'জাতীয় শোক দিবস ২০২১' পালনের জন্য মাননীয় মন্ত্রী জনাব আনিসুল হক, এমপি মহোদয়ের সভাপতিত্বে ০৫.০৮.২০২১ খ্রিষ্টাব্দ তারিখ বৃহস্পতিবার সকাল ১১ ঘটিকায় অনুষ্ঠিত ভারুয়াল সভার সিদ্ধান্ত।  
(২) মন্ত্রিপরিষদ বিভাগ এর স্মারক নং-০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.২১.৩৮০, তারিখঃ ১৩.০৭.২০২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৬তম শাহাদতবার্ষিকী উপলক্ষ্যে সারাদেশের অধস্তন আদালতসমূহে 'জাতীয় শোক দিবস ২০২১' এর নিম্নবর্ণিত কর্মসূচিসমূহ যথাযথ মর্যাদায় ও ভাবগম্বীর পরিবেশে সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে পালনের অনুরোধ করা হইলোঃ

১. ভারুয়াল প্রাটফর্ম ব্যবহার করে একটি শোকসভা ও ১৯৭৫ সালের ১৫ আগস্ট নৃশংসভাবে নিহত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিবসহ বঙ্গবন্ধু পরিবারের নিহত সদস্যদের মাগফেরাত কামনা করে দোয়া মাহফিল আয়োজন; এবং
২. প্রতিটি জেলায় জজশিপ, ম্যাজিস্ট্রেটসি, অন্যান্য আদালত ও ট্রাইব্যুনালসমূহের যৌথ উদ্যোগে একটি এতিমখানায় অসহায় ও দুস্থ শিশুদেরকে খাবার পরিবেশন।

(মোঃ একরামুল হক শামীম)  
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)  
ফোন-৯৫৭৭৪২০ (অফিস)  
Email : section5@lawjusticediv.gov.bd

সদয় কার্যার্থে বিতরণ :

- ১ জেলা ও দায়রা জজ ... (সকল) |সংশ্লিষ্ট জেলার সকল পর্যায়ের বিচারকগণকে অবহিতকরণের অনুরোধসহ।
- ২ মহানগর দায়রা জজ ... (সকল) |সংশ্লিষ্ট মহানগরের সকল পর্যায়ের বিচারকগণকে অবহিতকরণের অনুরোধসহ।

সদয় জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১ রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট / চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট ... (সকল)।
- ৩ মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৪ মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৫ সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ৬ সচিব মহোদয়ের একান্ত সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
- ৭ জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৮ প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯ অফিস কপি।